

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

### **MRT Line-5: Northern Route**

হেমায়েতপুর হতে আমিন বাজার পর্যন্ত ও নতুন বাজারের পর হতে ভাটারা পর্যন্ত ৬.৫০ কিলোমিটার উড়াল এবং আমিন বাজার হতে নতুন বাজারের ট্রানজিশন পর্যন্ত ১৩.৫০ কিলোমিটার পাতাল মোট ২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৪টি স্টেশন (পাতাল ৯টি ও উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর নির্মাণ কাজ গত ০৪ নভেম্বর ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। তন্মধ্যে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত অগ্রগতি ৩৮.৯৪%। অবশিষ্ট প্যাকেজসমূহের দরপত্র বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে।